.রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ০৫ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/১৯ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৩৭-আইন/২০১৬।—Income-Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Obstetrical and Gynaecological Society of Bangladesh (OGSB) এর জনকল্যাণ এবং সেবামূলক কার্যক্রম হইতে উদ্ভূত আয়কে নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে, ০৩ (তিন) বৎসরের জন্য আয়কর প্রদান করা হইতে এতদ্দ্বারা অব্যাহতি (Exemption) প্রদান করিল, যথা ঃ—

শর্তাবলী

(১) উক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত চিকিৎসা সেবা (হাসপাতালে ভর্তি ও তৎপরবর্তী আবাসিক চিকিৎসা সুবিধা, বহির্বিভাগীয় পরামর্শ বা ব্যবস্থাপত্র, প্যাথলজিক্যাল পরীক্ষা, সার্জারীসহ আনুষঙ্গিক অন্যান্য চিকিৎসা সুবিধা) এর ৩০% (ত্রিশ শতাংশ) গরীব ও অসহায় রোগীদের জন্য বিনামূল্যে প্রদানের ব্যবস্থা রাখিতে হইবে;

(২) প্রযোজ্য ক্ষেত্রে আয়কর ও মূসক কর্তিত হইবে; এবং

(৩) উক্ত প্রতিষ্ঠানকে নিয়মিতভাবে উক্ত Ordinance এর অধীন নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ণ দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৮২২৯)

মূল্য ঃ টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com